

552

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীর শ্রীলতাহানির চেষ্টা করায় ছাত্রের বহিষ্কার দাবী

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও পালি বিভাগের প্রথম বর্ষের ছাত্র অপূর্ব কুমার কুণ্ডু গত বৃহস্পতিবার বাংলা বিভাগের ১ম বর্ষের ছাত্রী পল্লবী কর্মকারের শ্রীলতাহানির চেষ্টা করায় এই বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে ও রোকেয়া হলের ৮ জন ছাত্রছাত্রী গতকাল শনিবার এক যৌথ বিবৃতিতে অপূর্ব কুণ্ডুকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবনের জন্য বহিষ্কারসহ তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছে। বিবৃতিতে তারা বলেন, এ ন্যাকারজনক ঘটনা ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ হলের জন্যও এক কলংকজনক ঘটনা। কেননা, সে এই হলের আবাসিক ছাত্র। তাকে এ হলে আর এক মুহূর্তের জন্যও ঢুকতে দেয়া উচিত হবে না। বিবৃতিতে স্বাক্ষর করেন জগন্নাথ হলে অবস্থানকারী বাংলা বিভাগের ছাত্র প্রণব ঘোষ, অলোকময় সূত্রধর, নরেশচন্দ্র বণিক, পদার্থ বিজ্ঞান বিভাগের ছাত্র মাধব চন্দ্র সাহা ও আশুতোষ সিকদার এবং রোকেয়া হলের ছাত্রী বাংলা বিভাগের নাগিস বেগম, অর্থনীতি বিভাগের সুলতানা কামাল ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের নিগার আলম।